সুদৃঢ় ভিত্তিতে প্রতিষ্ঠিত প্রগতিশীল

**দিনাজপুর ব্যাঙ্ক লিঃ**

সিডিউল্ড ব্যাঙ্ক — ( ক্লিয়ারিং সুবিধাযুক্ত )

নির্ভয়ে টাকা আমানতের বিশ্বস্ত প্রতিষ্ঠান

জঙ্গিপুর, হেড অফিস—দিনাজপুর

সেন্ট্রাল অফিস—১১ ক্লাইভ রো, কলিকাতা

শাখাসমূহ—জলপাইগুড়ি, পার্ব্বতীপুর, ভবানীপুর ( কলিকাতা ), রায়গঞ্জ রাজসাহী, আলীপুর ডুয়ার, রামপুরহাট। কর্ণওয়ালিস ষ্ট্রীট ( কলিকাতা ), গাইবান্ধা ও দুবরাজপুর শাখা শীঘ্রই খোলা হইবে।

ম্যানেজিং ডিরেক্টর—রায় সাহেব যতীন্দ্রমোহন সেন

Ex. M. L. C.

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

মণিগ্রামের প্রসিদ্ধ

কবিরাজ শ্রীশৌরীন্দ্রমোহন গাঙ্গুলী, কবিরত্ন আবিষ্কৃত

**সোণামুখী**

কেশের জন্য সর্ব্বোৎকৃষ্ট। মূল্য প্রতি শিশি ১৲ টাকা

প্রাপ্তিস্থান—দশভুজা ঔষধালয়

মণিগ্রাম বাসন্তীতলা, পোঃ মণিগ্রাম ( মুর্শিদাবাদ )

৩৪শ বর্ষ } রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—১০ই অগ্রহায়ণ বুধবার ১৩৫৪ ইংরাজী 26th Nov. 1947 { ২৬শ সংখ্যা

আপনার

**কম খরচার খাজাঞ্চী**

**ঢাকুরিয়া ব্যাঙ্কিং**

**করপোরেশন লিমিটেড**

হেড অফিস

২১-এ, ক্যানিং ষ্ট্রীট, কলিকাতা

ফোনঃ কলিকাতা ১৭৪৪ টেলিগ্রামঃ ট্রংরুম

শাখাসমূহ

ঢাকুরিয়া, সাউথ ক্যালকাটা, ক্যানিং, কোন্নগর, রামপুরহাট, বারহারওয়া, সাহিবগঞ্জ, ( এস, পি ), রঘুনাথগঞ্জ, আওরঙ্গাবাদ ( মুর্শিদাবাদ ), সোনারপুর।

ম্যানেজিং ডিরেক্টার

ডি, এন, চ্যাটার্জ্জি এফ, আর, ই, এস ( লণ্ডন )

**ব্যয় নহে—সঞ্চয়**

জীবনবীমা ব্যয় নহে—সঞ্চয়। আপনার অর্জ্জিত অর্থ ইহাতে পরহস্তগত হয় না, পরিবারের ভবিষ্যৎ প্রয়োজনের জন্যই ইহা সঞ্চিত থাকে। বৃদ্ধ বয়সে জীবন যাহাতে সচ্ছলভাবে চলিয়া যায়—ইহা তাহারই প্রস্তুতি; আপনার অবর্ত্তমানেও যাহাতে প্রিয় পরিজনকে কষ্টভোগ করিতে না হয় ইহা তাহারই সুচারু ব্যবস্থা। সময় থাকিতে দুঃসময়ের জন্য সাবধান হওয়া সকলেরই কর্ত্তব্য।

জীবনের এই অবশ্য কর্ত্তব্য পালনে সহায়তা করিবার জন্য "হিন্দুস্থানের" কর্ম্মিগণ সর্ব্বদাই প্রস্তুত। হেড অফিসে পত্র লিখিলে, কিংবা স্থানীয় প্রতিনিধির সহিত দেখা করিলে প্রয়োজন ও সামর্থ্য অনুরূপ বীমাপত্রের পরামর্শ পাইবেন।

**হিন্দুস্থান কো-অপারেটিভ**

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস

৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা

## অবকাশ

শারদীয় মহাপূজার সময় আমরা দুই সপ্তাহ অবকাশের স্থলে এক সপ্তাহ অবকাশ লইয়াছিলাম। বাকী পাওনা ছুটি আগামী সপ্তাহে গ্রহণ করিব। সেইজন্য ১৭ই অগ্রহায়ণের "জঙ্গিপুর সংবাদ" প্রকাশিত হইবে না।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

১০ই অগ্রহায়ণ বুধবার সন ১৩৫৪ সাল

## বীরভূমের বীরাচার

—:০:—

এই জেলার নামকরণ সম্বন্ধে কেহ কেহ বলিয়া থাকেন সাঁওতালী ভাষায় জঙ্গলকে "বীর" বলে। পূর্ব্বে এই জেলায় বন জঙ্গল ছিল বেশী সেইজন্য ইহার নাম বীরভূম হইয়াছে। আবার কাহারও কাহারও মতে এক প্রকার তান্ত্রিক আচার আছে, সেই আচারের নাম "বীর"। এই বীরাচারী সাধকগণের সংখ্যা এখানে খুব বেশী ছিল বলিয়া এই জেলার নাম বীরভূম।

বীরভূমে সদ্য অনুষ্ঠিত বঙ্গীয় ব্যবস্থা পরিষদের উপনির্ব্বাচনে কংগ্রেস মনোনীত প্রার্থী পশ্চিম বঙ্গের প্রধান মন্ত্রী ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষ মহাশয় জয়ী হইলেও, এই বিজয়লাভ বড় উল্লাসের নহে। তাঁহাকে জয়ী করিবার জন্য রাষ্ট্রপতি আচার্য্য কৃপালনী হইতে আরম্ভ করিয়া সামান্য ইউনিয়ন কংগ্রেস কমিটির সভাপতি পর্য্যন্ত সকলকেই ভোটারগণের নিকট ভোটের জন্য সানুনয় নিবেদন জানাইতে হইয়াছে। মহাভারতের দণ্ডী পর্ব্বের শাপভ্রষ্টা উর্ব্বশীর শাপ মোচনের মত বীরভূমে অষ্ট বজ্রের স্থলে শত বজ্রের সমাবেশ করিতে হইয়াছে। ডাঃ প্রফুল্লচন্দ্রের মত সর্ব্বস্বত্যাগী দেশ-সেবক কি তাঁহার প্রতিদ্বন্দ্বী অপেক্ষা এতই অযোগ্য যে তাঁহাকে নির্ব্বাচন সমরে জয়ী করার জন্য নেতৃবৃন্দের এত ছুটাছুটি করিতে হইল!

"মশক মারিতে তোপ- সহস্র
ভেক- বধার্থে পাশুপতাস্ত্র"

প্রয়োগ করিতে হইল? হিন্দু মহাসভার নেতৃবৃন্দের কয়েক দিনের বক্তৃতাই কি বীরভূমবাসীর কংগ্রেস-বিদ্বেষের কারণ? নিশ্চয় নহে। এই বীরভূমে একচক্র গ্রামে (বীরচন্দ্রপুর) শ্রীশ্রীচৈতন্য মহাপ্রভুর প্রধান সহচর শ্রীনিত্যানন্দ প্রভু জন্মগ্রহণ করেন। যিনি জগাই মাধাই নামক পাষণ্ডদ্বয়কে পরম বৈষ্ণব ভক্তে পরিণত করিয়াছিলেন; দীর্ঘকাল হরিনাম প্রচারেও তিনি বীরভূমের বীরাচারের কিছুমাত্র হ্রাস করিতে পারেন নাই। জয়দেব ও চণ্ডীদাসের সুললিত পদাবলীও বীরভূমের বীরাচারের উপর কোনও প্রভাব বিস্তার করিতে সক্ষম হইয়াছে বলিয়া মনে হয় না। তবে কিঞ্চিন্ন্যূন এগার হাজার বীরভূমবাসী স্বাধীনতা প্রাপ্তির মূল প্রতিষ্ঠান—বর্ত্তমান শাসন-যন্ত্র পরিচালক কংগ্রেসের বিরুদ্ধে ভোট দিল কেন? বীরভূমের সংবাদপত্রগুলিতে কংগ্রেস কর্ম্মিগণের অনুষ্ঠিত যে সমস্ত অপকর্ম্মের সংবাদ দেখা যায়, তাহাও যে এই কংগ্রেস বিদ্বেষের কারণ সে বিষয়ে সন্দেহ নাই। সম্প্রতি যেদিন ভোট হয়, সেই রাত্রেই নাম করা, কংগ্রেসের বকেয়া এম, এল, এ, জনৈক শিক্ষিত উকীলকে সদর রাস্তার ধারে প্রহার করিয়া কংগ্রেসের অহিংসাবাদের পরীক্ষা দিয়াছেন—এ সংবাদও ৩রা অগ্রহায়ণের "বীরভূম বাণীতে" প্রকাশিত হইয়াছে। কেবল বীরভূম নহে অনেক স্থানেই তথাকথিত কংগ্রেস পাণ্ডাদের অভদ্র এবং বেআইনী আচরণের কথা শোনা যাইতেছে। কোন কোন স্থানে ইঁহারা নাকি শাসন ও শান্তিরক্ষা কার্য্যে হস্তক্ষেপ করিয়া উক্ত কর্ম্মে নিযুক্ত ভদ্রসন্তানগণের উপর অপমানসূচক ভাষা প্রয়োগ করিতেও দ্বিধা বোধ করেন নাই। ফলে শাসক ও শান্তিরক্ষকগণ ইঁহাদের ব্যবহারে খুব অসোয়াস্তি অনুভব করিতেছেন। ইঁহারা যেন অত্যাচারী জমিদারের নায়েব বা তশীলদারের মত ভদ্রতার সীমা অতিক্রম করিতে দ্বিধা বোধ করেন না।

দেশের লোক বৃটিশ শাসনে তপ্ত খোলায় ভাজা হইয়া আছে। বিশুদ্ধ খাবার পায় না, লজ্জা ঢাকিবার বস্ত্র পায় না, তার উপর "ভাত দিবার ভর্ত্তা (?) নয় কীল মারবার গোসাঁই" প্রভুদের রূঢ় ব্যবহার যেন কাটা ঘায়ে নুনের ছিটার মত যন্ত্রণাদায়ক। আমরা বাংলার প্রধান মন্ত্রী মহাশয়কে শাসন-যন্ত্রে হস্তক্ষেপ করিবার ক্ষমতাপ্রাপ্ত ভাগ্যবান্ কংগ্রেস সেবকগণের প্রত্যেকের চরিত্রের গোপন সংবাদ (Confidential Character Roll) লইতে অনুরোধ করি। দেখিবেন কত গুণী এঁদের মধ্যে বহুরূপী সাজিয়া কর্ত্তৃপক্ষের চক্ষে ধূলি নিক্ষেপ করিয়া সাধু হইয়া আছেন।

---

## মহরম পর্ব্ব

গত ৯ই অগ্রহায়ণ মুসলমানগণের মহরম পর্ব্ব নির্ব্বিঘ্নে সম্পন্ন হইয়াছে। এতদুপলক্ষে শান্তিরক্ষার জন্য বহরমপুর হইতে সশস্ত্র পুলিশ এবং পুলিশের ডেপুটী সুপারিণ্টেণ্ডেণ্ট মহোদয় এখানে আসিয়াছিলেন। ধুলিয়ান, অরঙ্গাবাদ, জঙ্গিপুর, চরকা, কাশিয়াডাঙ্গা প্রভৃতি স্থানে পুলিশের সুবন্দোবস্ত করা হইয়াছিল।

---

## সরকারী সেরেস্তায় বাংলা ভাষা

এখানে খবর আসিয়াছে যে, এখন হইতে দেওয়ানী, ফৌজদারী প্রভৃতি সরকারী সেরেস্তায় ইংরাজীর পরিবর্ত্তে বাংলা ভাষা ব্যবহার করিতে হইবে। যদিও দেশটী বাংলা ভাষাও বাংলা তবুও অফিসারদের প্রথম প্রথম একটু বাধো বাধো ঠেকিবে। ক্রমেই অভ্যাস হইয়া গেলে কোন বালাই থাকিবে না।

---

## মালবাহী মোটর গাড়ী

দফরপুর নিবাসী শ্রীযুত পঙ্কজকুমার দাস মহাশয় একখানি মোটর ট্রাক্ আনিয়া ব্যবসায়ীদের মালপত্র ষ্টেশন হইতে সহরে এবং সহর হইতে ষ্টেশনে পৌঁছাইয়া দিবার বন্দোবস্ত করিয়াছেন। ইহাতে ব্যবসায়ীগণ অতি অল্প সময়ের মধ্যে মাল আমদানী ও রপ্তানি করিতে পারিবেন।

---

## গরুর খাদ্য ও মানুষের খাদ্য

আজকাল মোটা চাউলের দাম প্রতি মণ ১৪॥০ টাকা ও সরু চাউলের দাম প্রতি মণ ১৭৲ টাকা হারে বিক্রয় হইতেছে। গরুর খাদ্য সরিষার খৈল প্রতি মণ ১০৲ টাকা হারে বিক্রয় হইতেছে। মানুষের খাদ্যে ও গরুর খাদ্যের মূল্যের তফাৎ বর্ত্তমানে খুব বেশী নয়।

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

## নিলামের দিন ৮ই ডিসেম্বর ১৯৪৭

১৯৪৭ সালের ডিক্রীজারী

৩৫ মনি ডিঃ রিসিভার্স কুমার জ্ঞানেন্দ্র সিংহ দিং দেং বঙ্কবিহারী সাহা নাবালক পক্ষে অলি মাতা ও স্বয়ং সরসীবালা বর্ম্মণ্যা দিং দাবি ৫৮৵৬ থানা স্থতী মৌজে হোসেনপুর ১-৬৯ শতকের কাত ৭৷৶৫ আঃ ৫০৲ খং ১০৮ রায়ত মোকররী স্বত্ব

১৯৪০ সালের ডিক্রীজারী

৩৬৩ থাং ডিঃ বাঁশরীমোহন সেন দিং দেং বঁচো দেবী দাবি ২২৴৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাড়ালা ৬০ শতকের কাত ১৸৴৯ আঃ ১০৲ খং ৬৬৭ অধিনস্থ খং ৬৬৮

১৯৪৭ সালের ডিক্রীজারী

৪০২ থা ডিঃ ভোরীলাল বয়েদ দিং দেং ভোলানাথ সাহা দিং দাবি ৩১৷৶৬ থানা স্থতী মৌজে ঘোড়াপাখিয়া গাঙ্গিন ১৷৩৷০ জমির কাত ২৵১৭৷৷০ আঃ ১০৲ খং ১৩০

৪০৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২১৵৩ মৌজাদি ঐ ২৴০ জমির কাত ১৸৴০ আঃ ৮৲ খং ১০২

৪০৫ থাং ডিঃ ঐ দেং সালি খাতুন নেসা বিবি ওরফে আনোয়ারা খাতুন দিং দাবি ৮৭৷৴০ মৌজাদি ঐ ২১৷৷৪ জমির কাত ১৩৸৵১৩ আঃ ৬০৲ খং ৪০৭

৭৩ মনি ডিঃ লক্ষ্মীনারায়ণ ঘোষ দিং দেং যশোমতী দাস্যা মৃতান্তে ওয়ারিশ ও স্বয়ং শম্ভুনাথ ঘোষ দাবি ৯৭৴৬ থানা স্থতী মৌজে সিধরী ৩-১৭ শতকের কাত ১৬৲ আঃ ৯০৲ খং ৩০৫

৩১২ থাং ডিঃ সত্যেন্দ্রনাথ দাস ও সেবাইত আগুাপদ ভট্টাচার্য্য দিং দেং সেকন্দর মণ্ডল দিং দাবি ২৩৸৬ থানা স্থতী মৌজে হিলোড়া ৯৩ শতকের কাত ২৸০ আঃ ৮৲ খং ১৭৯৫

৩১৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১২৩৵৬ মৌজাদি ঐ ৪-৮৬ শতকের কাত ২১৸০ আঃ ৬৫৲ খং ১৭৯৪

৬০৪ থাং ডিঃ হরিশ্চন্দ্র মুখোপাধ্যায় দিং দেং রাধানাথ মাঝি দিং দাবি ১৭৷৷৵৯ থানা স্থতী মৌজে আলোয়ানী ৫ শতকের কাত ১৸৵৬ আঃ ১০৲ খং ৫৩৯ স্থিতিবান স্বত্ব

৬০৫ থাং ডিঃ ঐ দেং মকবুল হোসেন সেখ দিং দাবি ৯৫৻৯ থানা ঐ মৌজে হিলোড়া ৩-৭ শতকের কাত ১৪৴৬ আঃ ৬০৲ খং ২৭৭০ রায়ত মোকররী স্বত্ব

৬০৮ থাং ডিঃ ঐ দেং উলাঙ্গিনী দাসী দিং দাবি ১১৷৶৬ থানা ঐ মৌজে বংশবাটী ৬ শতকের কাত ১৲ আঃ ৫৲ খং ৭৬১ স্থিতিবান স্বত্ব

৬০৯ থাং ডিঃ ননীগোপাল চক্রবর্ত্তী দেং মকবুল সেখ দাবি ১২৷৷৶৬ থানা স্থতী মৌজে রাতুরী ১৮ শতকের কাত ১৷৫ আঃ ১০৲ খং ১৮ স্থিতিবান স্বত্ব

৬১০ থাং ডিঃ ঐ দেং গোবর্দ্ধন ঘোষ দিং দাবি ৪৫৸৵০ থানা ঐ মৌজে হিলোড়া ১-১৩ শতকের কাত ৬৸৶৫ আঃ ৩০৲ খং ৫০৯, ৫১০ ঐ স্বত্ব

৪৪৮ থাং ডিঃ বৈদ্যনাথ পাল দিং দেং জীবনকৃষ্ণ দাস (মিস্ত্রী) দাবি ১০৵৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে নশীপুর ৪ শতকের কাত ৸০ আঃ ৪৲ খং ২১৬ কোর্ফা স্বত্ব নিজাংশে জমা ৷৵০

৩২৪ থাং ডিঃ ওয়াকফ ষ্টেটের জয়েন্ট মাতোয়ালি মৌলবী মরতুজা রেজা চৌধুরী দিং দেং আসতুল্লা বিশ্বাস দাবি ১৪৮৸৶৬ থানা স্থতী মৌজে কাঁকড়ামারি ২২৷৷৪৻১০ জমির কাত ১৬৻১০৷৷০ আঃ ৮০৲

৪৮৮ থাং ডিঃ ঐ দেং পদ্মমণি দাসী দাবি ১৩৷৶০ থানা ঐ মৌজে পুড়াপাড়া ৴২৻৮ জমির কাত ৸৬ আঃ ৫৲

৪৮৯ থাং ডিঃ ঐ দেং হাজী আমদ্দি মোল্লা দাবি ২৫৷৷৴৯ মৌজাদি ঐ ২৷৩৻১ জমির কাত ৩৲ আঃ ১৫৲

৪৯০ থাং ডিঃ ঐ দেং শিশমহাম্মদ মোমিন দিং দাবি ৬২৸৵৯ মৌজাদি ঐ ৪৸৪৻৪ জমির কাত ৯।৴১১ আঃ ৪৫৲

৪৯১ থাং ডিঃ ঐ দেং দেবেন্দ্রনাথ চৌধুরী দিং দাবি ৩৫৷৴৬ মৌজাদি ঐ ৪৸৪৻২ জমির কাত ৫৷৴১০ আঃ ৫০৲

৪৯২ থাং ডিঃ ঐ দেং ননীগোপাল দাস দিং দাবি ২০৷৴০ থানা ঐ মৌজে বাজে গাজিপুর ৷৷২৻২ জমির কাত ২৻৬ আঃ ১০৲

৫৯৯ থাং ডিঃ ঐ দেং অশ্বিনীকুমার সরকার দিং দাবি ৩৩৷৶০ মৌজাদি ঐ ৮৷৻১২ জমির কাত ১০৴৩ আঃ ২৫৲ খং ১৩৩

৬১২ থাং ডিঃ বিবি দেল আফরোজ দেং রাখাল মণ্ডল দিং দাবি ৪৭৸৵৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে পিরোজপুর ৫৯ শতকের কাত ৭৷৷৵০ আঃ ১৫৲ খং ১২১ স্থিতিবান স্বত্ব

৬১৩ থাং ডিঃ ঐ দেং নাথু মণ্ডল দাবি ১৮৻৯ মৌজাদি ঐ ২২ শতকের কাত ২৷৬ আঃ ১০৲ খং ৪১৮ ঐ স্বত্ব

৬১৪ থাং ডিঃ ঐ দেং পাঁচু মণ্ডল দাবি ৬৫৷৷৶৩ মৌজাদি ঐ ৫৭ শতকের কাত ১০৷৶৬ আঃ ২৫৲ খং ৪১৩

৬২০ থাং ডিঃ ঐ দেং নিতাই মণ্ডল দাবি ১৮০৻৯ মৌজাদি ঐ ২-৫ শতকের কাত ৩০৴৯ আঃ ৫০৲ খং ৪০৭ স্থিতিবান স্বত্ব

৩১৭ থাং ডিঃ সেবাইত শশিভূষণ দাস দেং দেবেন্দ্রনারায়ণ দাস দাবি ২৬৻৩ থানা স্থতী মৌজে খিদিরপুর ৯৯ শতকের কাত ২৲ আঃ ৫৲ খং ১০০

৩৩৪ থাং ডিঃ অমরেন্দ্রনাথ দাস দিং দেং নেসার সেখ দিং দাবি ৪৯৸৶৩ থানা স্থতী মৌজে শিধর ১-৫২ শতকের কাত ৭৸০ আঃ ১০৲ খং ৪৮৮

---

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

## নিলামের দিন ১৫ই ডিসেম্বর ১৯৪৭

১৯৪৭ সালের ডিক্রীজারী

৫০২ থাং ডিঃ শচীন্দ্রনাথ রায় দেং মহাম্মদ ইসা সেখ দিং দাবি ৩১৻৯ থানা ফরক্কা মৌজে এনাতনগর ৩৪ শতকের কাত ৫৷৪ আঃ ১৫৲ খং ২৬২

৫০৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩২৸৶০ থানা ঐ মৌজে মুস্কিনগর ২-৮১ জমির কাত ৮৷৷৴১ আঃ ২৫৲ খং ২৬১

৫০৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৬৭৷৷৯ মৌজাদি ঐ ৩-১০ শতকের কাত ৯৷৴৮ আঃ ৪০৲ খং ২৬১

---

হাতে কাটা

## বিশুদ্ধ পৈতা

মূল্য ছয় পয়সা

পণ্ডিত প্রেসে পাইবেন।

## সুলভ আয়ুর্ব্বেদীয় কুটীর

এই স্থানে আয়ুর্ব্বেদমতে তরুণ ও পুরাতন এবং বহুবিধ জটিল ব্যাধির চিকিৎসা হইয়া থাকে। যাঁহারা অন্যস্থানে চিকিৎসা করাইয়া কোনও ফল পান নাই সেই সব রোগীকে আমার চিকিৎসা পরীক্ষা করিতে অনুরোধ করি।

দি মডার্ণ আয়ুর্ব্বেদিক কার্য্যালয় ও বিদ্যালয়
হইতে উপাধি প্রাপ্ত

কবিরাজ শ্রীবৈদ্যনাথ চক্রবর্ত্তী,
এম, আয়ুর্ব্বেদজ্ঞ
গাঙ্গিন, পোঃ নুরপুর, ( মুর্শিদাবাদ )

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৴০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ।০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶১০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।


ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১॥০ টাকা। নগদ মূল্য /০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।




## সুরবল্লী




যে সব ডাক্তাররা
সুরবল্লী ব্যবস্থা করে
দেখেছেন তাঁরা সবাই একমত যে এরূপ উৎকৃষ্ট রক্তপরিষ্কারক উপদংশ নাশক ও "টনিক" ঔষধ খুব কমই আছে।

সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, ঘা, স্ফোটক, নালি, রক্তদুষ্টি প্রভৃতি নিরাময় করিতে ইহার শক্তি অতুলনীয়।

ইহা যকৃতের ক্রিয়া নিয়ন্ত্রণ করিয়া অগ্নি, বল ও বর্ণের উৎকর্ষ সাধন করে। গত ৬০ বৎসর যাবৎ ইহা সহস্র সহস্র রোগীকে নিরাময় করিয়াছে।

সি. কে. সেন এণ্ড কোং লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা

## দি ওয়ার্ম ইণ্ডিকা ( আমেরিকায় পরীক্ষিত )

অদ্যাবধি বহু রোগী ইহাতে আশ্চর্য্যজনক ফল পাইয়াছেন। ব্যবস্থানুযায়ী মানুষ ও গরু, মহিষ, ছাগল প্রভৃতি জন্তুর কৃমি রোগ আরোগ্য হইবে। ইহাতে রক্ত-আমাশয় ও কানের পুঁজ আরোগ্য হয়

প্রাপ্তিস্থান—ডাঃ দেবেন্দ্রচন্দ্র দাস
"অটলবিহারী শাখা ঔষধালয়" রঘুনাথগঞ্জ, (মুর্শিদাবাদ

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত